

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

Email: [rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৬৫৭

তারিখ : ২১/০৮/২০১৯ খ্রিঃ

প্রাপক,  
প্রধান শিক্ষক,  
নওয়াপাড়া শংকরপাশা সরকারি মাধ্যমিক বিদ্যালয়,  
অভয়নগর, যশোর।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা ০৫/০৮/২০১৯ খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

১। ব্যবহারিক ক্লাশ করানো হয় না।

২। তিনটি ওয়ার্কশপে সরকার প্রদত্ত যন্ত্রপাতি ব্যবহার করা হয় না। যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস ব্যবহার না করার জন্য নষ্ট হয়ে যাচ্ছে।

৩। শিক্ষার্থী ভর্তি, শিক্ষার্থী উপস্থিতি, ওয়ার্কশপ, যন্ত্রপাতি সংরক্ষণে শিক্ষকগণের আন্তরিকতার অভাব পরিলক্ষিত হয়।

৪। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয় না।

৫। একাডেমিক সকল কার্যক্রমে শিক্ষকদের অবহেলা রয়েছে।

৬। শিক্ষকগণ ব্যবহারিক ক্লাশের প্রতি আন্তরিক নন।

৬। বেতন রেজিস্টারে রেভিনিউ স্ট্যাম্প লাগানো হয়নি।

৭। কিছু শিক্ষক প্রাইভেট বাণিজ্যের সাথে যুক্ত।

৮। ওয়ার্কশপ পরিষ্কার -পরিচ্ছন্ন নয়।

এমতাবস্থায় উল্লিখিত অসংগতি সমূহের ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন এবং ব্যবহার উপযোগি করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বা  
(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখ : ২১/০৮/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৬৫৭ (৬)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), যশোর।

৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অভয়নগর, যশোর।

৫। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।

৬। সংরক্ষণ নথি।

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।